[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [

হুমকি দিয়ে চলে যায়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, সোমবার রাতে এক বৃদ্ধের বিরুদ্ধে ধর্ষণ চেষ্টার লিখিত অভিযোগ দিয়েছেন এক নারী। তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহন করা করা হবে।

আলমডাঙ্গায় পানিতে ডুবে তৃতীয় শ্রেণির ছাত্রের মৃত্যু

আলমডাঙ্গা উপজেলায় পানিতে ডুবে রহমান হোসেন (৯) এক শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টার দিকে নানা বাড়ি উপজেলার খাদিমপুর ইউনিয়নের আলীহাটনগর গ্রামে এঘটনা ঘটে।

রহমান হোসেন উপজেলার চিৎলা গ্রামের মণ্ডলপাড়ার দিনমজুর জাকিরুল ইসলামের ছেলে। সে চিৎলা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির ছাত্র ছিল।

নানা আসাদুল হক বলেন, রোববার আমার নাতি ছেলে রহমান হোসেন আমাদের বাড়িতে আসে। আজ মঙ্গলবার দুপুরে বাড়ির পাশে একটি পুকুরে গোসল করতে গিয়ে পানিতে ঢুবে যায়। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. তাসনিম আফরিন জ্যোতি বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর রহমান হোসেনকে মৃত ঘোষণা করা হয়েছে। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুরে আড়ম্বর পরিবেশে চ্যানেল টোয়েন্টিফোরের ১০ম বর্ষ পূর্তি পালন

কেক কেটে ও আলোচনা সভার মধ্য দিয়ে দেশের জনপ্রিয় স্যাটেলাইট টেলিভিশন “চ্যানেল টোয়েন্টিফোরে”র ১০ম বর্ষপূর্তি পালিত হয়েছে। আজ মঙ্গলবার (২৪ মে) সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে আড়ম্বর পরিবেশে চ্যানেলটির ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।
চ্যানেল টোয়েন্টিফোরের মেহেরপুর জেলা স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান রাশেদের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর(পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য্য, জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, মেহেরপুর জেলা আওয়াইনজীবি সমিতির সভাপতি মারুফ আহম্মেদ বিজন, সাবেক সভাপতি অ্যাডভোকেট শফিকুল আলম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চাঁদু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু ও উপদেষ্টা তুহিন অরন্যসহ আরো অনেকে।
মেহেরপুর প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিকের সঞ্চালনায় এছাড়া অন্যান্যদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, মুজিবনগর উপজেলা প্রেসক্লাবের সভাপতি প্রিন্স প্রমুখ।
চ্যানেল টোয়েন্টিফোরের ১০ম বর্ষ পূর্তিতে বিভিন্ন শ্রেনী পেশার মানুষ শুভেচ্ছা জানান এবং চ্যানেলটির শুভকামনা করেন।

মুজিবনগরে স্কুল গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা ১০ শিক্ষার্থী আহত

মুজিবনগরে একটি স্কুল লেগুনা নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কায় অন্তত ১০ শিক্ষার্থী আহত হয়েছে।
এদের মধ্যে, জাইম হোসেন, তাসিন আলী, ফারুক আহমেদ, আবু সুফিয়ানকে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকীরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে ফিরেছে।
আজ মঙ্গলবার (২৪ মে) সকাল ৯ টার দিকে মুজিবনগর জয়পুর-তারানগর রাস্তার মাঝামাঝি একটি কালভার্টের কাছে এ দূর্ঘটনা ঘটে।
আহত জায়িম হোসেন(৮)মুজিবনগর উপজেলার তারানগর গ্রামের আজিজুল হকের
ছেলে, তসিন আলি (৯) আনন্দবাস গ্রামের জামাল উদ্দিনের ছেলে, ফারুক
(৮) জয়পুর গ্রামের ফরহাদ হোসেনের ছেলে এবং আবু সুফিয়ান শুভ (৯) বাগোয়ান গ্রামের আনারুল ইসলামের ছেলে।
আহতরা সকলেই মুজিবনগরের কেদারগঞ্জ জিনিয়াস প্রি ক্যাডেট একাডেমীর প্রথম ও দ্বিতীয় শ্রেনীর ছাত্র।
জিনিয়াস প্রি ক্যাডেট একাডেমীর শিক্ষক মিজানুর রহমান জানান, লেগুনা চালক আনসার আলী ১০ জন শিক্ষার্থী নিয়ে জয়পুর ও তারানগরের দিকে যাচ্ছিলেন। পথের মধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়ির সবাই কম বেশী আহত হয়। এদের মধ্যে ৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকীরা মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।
প্রত্যক্ষ দর্শিদের বরাত দিয়ে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল জানান, স্কুল ভ্যানটি কেদারগঞ্জ মোড় থেকে জয়পুর যাচ্ছিল। পথের মধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছর সাথে ধাক্কা লাগে। আহতদের উদ্ধার করে হাসপাতালে নেয়া হয়েছে।

মেহেরপুরে মাদক মামলায় দুজন গ্রেফতার

মেহেরপুর সদর ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালিয়ে মাদক মামলার ২ আসামীকে আটক করেছে।
সোমবার দিবাগত রাতে সদর থানা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশ পৃথক অভিযান চালিয়ে তাদের আটক করেন। আটকদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা রয়েছে। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।
গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

কালের সাক্ষী কাথুলির মঠ

মেহরেপুরের গাংনী উপজেলার ভারত সীমান্তবর্তি কাথুলি প্রামের পাশেই মাঠের মধ্যে হাজার বছরের ঐতিহ্য এই প্রাচীন মঠটি। এখানে এখন আর আর পূজা-প্রার্থনা হয় না। প্রাচীন এই মঠটিতে এখনো পুরাতন মনকাড়া পোড়ামাটির নকশা খচিত কারুকার্য নিয়ে কালের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে। সংস্কারের অভাবে দিন দিন বিলুপ্তির পথে দৃষ্টিনন্দন এই মন্দিরটি।
দৃষ্টিনন্দন এ মন্দীরটি দেখতে হলে মেহেরপুর জেলা শহরের কাথুলি মোড় থেকে মাত্র ১০ কিলোমিটার উত্তরে সড়ক পথে ইজিবাইক, লেগুনা ও ভ্যান যোগে পৌছানো সম্ভব। সাথে বোনাস থাকবে ভারতীয় সীমান্তের কাটাতারের বেড়া।
ছবি ও ক্যাপশন জুলফিকার আলী কানন

[illegible]

[illegible]

[illegible] “Unemployment (or joblessness) occurs when people are without work and actively seeking work.” The Bureau of Labour Statistics (BLS) [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

হোমসিকনেস বা সন্তানদের ঘরে আবদ্ধ করে রেখতে পছন্দ করেন। অন্য জেলার পিতামাতাদের দেখেছি সন্তানদের খুব অল্প বয়সেই কর্মমূখী করে তোলেন, কর্মের জন্য সন্তানকে বাহিরে পাঠিয়ে দেন। তাদের সন্তানরাও কয়েক বছরের মধ্যে স্বাবলম্বী হয়ে ঘরে ফিরে।

কিন্তু মেহেরপুরে সন্তানের সন্তান হওয়ার পরও পিতামাতা কোলের ভিতর আগলে রাখে। সন্তানের নাকি খুব বয়স হয় নি। এই মানসিকতাও বেকারত্বের হার বৃদ্ধির আর এক কারন। শিল্প কারখানা সৃস্টি, অর্থনৈতিক অঞ্চল তৈরি, যুবকদের ভিতর কর্ম স্পৃহা জাগিয়ে তোলা, মন মানুষিকতা পরিবর্তনই বেকারত্বের হার কমানোর উপায় বের করা সম্ভব।

মেহেরপুর হাসপাতালে ২৪ ঘন্টায় ভর্তি ১০৮ ডায়রিয়া রোগী

মেহেরপুরে পানিবাহিত রোগ ডায়রিয়া প্রকোপ আকার ধারণ করেছে। গত রবিবার সকাল থেকে গতকাল সোমবার সকাল পর্যন্ত ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১০৮ জন। এর মধ্যে ১৭ জনের শরীরে কলেরা জীবণু শনাক্ত হয়েছে।

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে ৪ দিনের ব্যবধানে ডায়রিয়া আক্রান্ত রোগী ভর্তি হয়েছেন ৩২৪ জন। এসব রোগীদের মধ্যে চিকিৎসা নিয়ে হয়ে বাড়ি ফিরেছেন ২৩১ জন।

ডায়রিয়া ওয়ার্ডের নার্স ইনচার্জ নিপু আক্তার জানান, প্রতিদিনই ডায়রিয়া আক্রান্ত রোগী আসছেন হাসপাতালে। রোগীদের অধিকাংশই পুরুষ এবং বয়সে তরুণ। ২৫ জন সেবিকা (নার্স) ছাড়াও অন্যান্য ওয়ার্ড থেকে নার্স এনে ডায়রিয়া আক্রান্ত রোগীদের সেবা দেওয়া হচ্ছে।
এদিকে হঠাৎ ডায়রিয়ার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় চিন্তাই পড়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ। ইতোমধ্যে আইইডিসিআরকে জানানোর পাশাপাশি নিয়েছেন বাড়তি ব্যবস্থা। তবে স্যালাইনসহ অন্যান্য ওষুধপত্র ও চিকিৎসাসেবা ভাল রয়েছে বলে জানিয়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ। ইতোমধ্যে আইইডিসিআর থেকেও একটি টিম এসে ডায়রিয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন।

হাসপাতাল সূত্রে জানা গেছে, গত এপ্রিল মাসের ২০ দিন যেতে না

যেতেই বৃদ্ধি পেয়েছে ডায়রিয়ার প্রকোপ। হাসপাতালে গড়ে প্রতিদিন ভর্তি থাকছেন ১০০ থেকে ১২০ জনের কাছাকাছি রোগী। হাসপাতালে ডায়রিয়া রোগীদের জন্য ১০ শয্যা সংরক্ষণ থাকলেও রোগীর সংখ্যা বাড়ায় হাসপাতালের তিন তলা বিশিষ্ট একটি আবাসিক ডরমেটরিতে ডায়রিয়া ওয়ার্ড হিসেবে ব্যবহার করা হচ্ছে। রোগীদের জন্য সেখানেও সংকুলান হচ্ছেনা। ডরমেটরিতে স্থাপিত ওয়ার্ডের প্রতিটি রুমে ৪ জন করে ও হাসপাতালের বারান্দাসহ বিভিন্ন স্থানে গাঁদাগাঁদি, ঠাঁসা ঠাসি করে শুয়ে চিকিৎসা নিতে হচ্ছে রোগীদের।

ডায়রিয়া আক্রান্ত আলমগীর হোসেন, নিগার নেছা বলছেন, হাসপাতাল থেকে স্যালাইনসহ বেশ কিছু ওষুধ পাওয়া গেলেও বাইরে থেকেও কিছু ওষুধ কিনতে হচ্ছে। তবে নার্সদের সেবায় তারা সন্তোষ প্রকাশ করেন।

তবে চিকিৎসা নিতে আসা রোগীদের ভিড়ে স্বজনরাও অসুস্থ হয়ে পড়ছেন বলে জানালেন ডায়রিয়া আক্রান্ত ভর্তি রোগী মেহেরপুর শহরের তাতিপাড়ার ইফতি খাতুন।

হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মোখলেছুর রহমান জানান, ডায়রিয়ায় আক্রান্ত রোগীদের মধ্যে শতকরা ৮০ ভাগ মেহেরপুর পৌর এলাকার বিভিন্ন মহল্লার বাসিন্দা। পরিবারের একজন আক্রান্ত হলেই বাকিরাও ডায়রিয়ায় আক্রান্ত হচ্ছেন। এপ্রিল মাসে সারাদেশের ন্যায় মেহেরপুর জেলাতেও ডায়রিয়াতে প্রচুর আক্রান্ত হয়েছিল। মাত্র ২০/২৫ দিনের ব্যবধানে আবারও ডায়রিয়ার প্রকোপ বৃদ্ধি পেয়েছে, এটা অস্বাভাবিক।

আইইডিসিআর এর সহকারী মাঠ গবেষক রেজাউল করীম বলেন, আমরা মেহেরপুরসহ ২২ টি জেলাতে কলেরার গবেষণা কাজ করছি। গত চার দিনে হঠাৎ এ জেলাতে ডায়রিয়ার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ২৭ জন ডায়রিয়া আক্রান্ত রোগীর স্যাম্পল পরীক্ষা করা হয়েছে। এদের মধ্যে ১৭ জনের শরীরে কলেরার জীবাণু সনাক্ত হয়েছে। যা বাংলাদেশের কোনো জেলাতে হয়নি। বিষয়টি উদ্বেগজনক। তিনি বলেন যাদের শরীরে কলেরার জীবাণু পাওয়া গেছে তাদের অধিকাংশই শহরের মধ্যে’র বাসিন্দা।

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডাক্তার জমির মো: হাসিবুস সাত্তার বলেন, ডায়রিয়া মূলত পানিবাহী রোগ। এছাড়া রাস্তার খাবার, বাসি-পচা খাবার খেলেও ডায়রিয়া হতে পারে। তবে ডায়রিয়া হবার মূল কারণ দূষিত পানি। খাবার পানিসহ নিত্য ব্যবহার্য

কার্পাসডাঙ্গায় ২০ জন ভূমিহীনরা পাচ্ছেন প্রধানমন্ত্রী উপহার

মুজিববর্ষ উপলক্ষে দামুড়হুদার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ সম্মেলনকক্ষে আয়োজিত অনুষ্ঠান থেকে ভূমিহীন পরিবারকে ২ শতাংশ জমিসহ নতুন বাড়ি উপহার দিচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মুজিববর্ষে কেউ গৃহহীন থাকবে না। সীমিত সম্পদেই সবার ঠিকানা করে দেবে সরকার।

সোমবার সন্ধ্যা ৭ টার দিকে অসহায় পরিবারের মধ্যে জমি ও গৃহ প্রদান অনুষ্ঠানে যোগ দেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সুযোগ্য চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস। এসময় তিনি জানান, দুঃস্থ মানুষগুলোর ঘর যাতে মানসম্পন্ন হয়, সে বিষয়ে কার্পাসডাঙ্গা ইউনিয়ন কার্যালয় থেকে তদারকি করছেন।

প্রশাসনের কর্মকর্তা এবং জনপ্রতিনিধিরা ঘর নির্মাণে অতুলনীয় কাজ করেছে বলেও জানান আব্দুল করিম বিশ্বাস। খুব শিগগিরই কার্পাসডাঙ্গা ইউনিয়নে ২০ জন নতুন ঘর তৈরি করে দেয়া হবে বলেও জানান তিনি। আরও বলেন ঘরগুলো প্রত্যেকটি গৃহহীন পরিবারে স্বপ্ন। এই স্বপ্ন দেখেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু।

আর মুজিব শতবার্ষিকীতে সেই স্বপ্নকে বাস্তবে রূপ দিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রত্যেকটি পরিবারকে দুই শতক জমিনসহ বুঝিয়ে দিবে তাদের স্বপ্নের পাকা ঘর।

স্বপন নামে একজন ভূমিহীন বলন, আমার বাড়ি কার্পাসডাঙ্গা ভূমিহীনে। আমরা পরের ভিটায় থাকি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমারে জমিসহ ঘর দিচ্ছে। আমার সন্তানদের নিয়ে পরের জমিতে থাকতি হবে না। এখন আমি আর ভূমিহীন ঘরহীন না।

আমি প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করি। তিনি যেন মানুষের কল্যাণে আরো কাজ করতে পারেন। অপর একজন সুবিধাভোগী বলেন, “আমাদের সংসারে পাঁচজন লোক। মাঠে ঘাটে কাজ করে খাই। আমার কোনো জমি নেই। প্রধানমন্ত্রী জমি ঘর দিচ্ছেন। এ পেয়ে আমি খুব খুশি। বিনামূল্যে জমি-ঘর পাবো কোনোদিন ভাবিনি।

উপকারভোগী শাহিনুর বেগম বলেন, “আমার জায়গা জমি ছিলো না। পরের বাড়ি কাজকর্ম করতাম ও পরের বাড়িতে থাকতাম। জীবনে অনেক কষ্ট করেছি। আমাদের কার্পাসডাঙ্গা ইউনিয়নের সুযোগ্য চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস এর সহযোগিতায়। জায়গা দিচ্ছে, ঘর দিচ্ছে-আমি তাতে অনেক খুশি। চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের জন্য নামাজ পড়ে মোনাজাত করব। আমাদের মতো গরিবদের পাশে যেন সে সারা জীবন থাকতে পারে। আমাদের চোখের পানিটা যেন মুছে যায়। দোয়া করি আব্দুল করিম বিশ্বাস সারা পৃথিবীর কাছে সম্মান পায়।